

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৫০

পরিচ্ছেদঃ কিরান হজ্জ পালনকারী এক তাওয়াফই করবে।

باب مَا جَاءَ أَنَّ الْقَارِنَ يَطُوفُ طَوَافًا وَاحِدًا

## আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةً، عَنِ الْحَجَّاجِ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَرَنَ الْحَجَّ وَالْعُمْرَةَ فَطَافَ لَهُمَا طَوَافًا وَاحِدًا . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ جَابِرٍ حَدِيثٌ حَسَنٌ . وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ جَابِرٍ حَدِيثٌ حَسَنٌ . وَالْعُمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ قَالُوا الْقَارِنُ يَطُوفُ طَوَافًا وَاحِدًا . وَهُو قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ يَطُوفُ طَوَافَيْنِ وَيَسْعَى سَعْيَيْن . وَهُو قَوْلُ الثَّوْرِيِّ وَأَهْل الْكُوفَةِ .

## বাংলা

৯৫০. ইবনু আবী উমার (রহঃ) ..... জাবির (রাঃ) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কিরান রূপে হজ্জ ও উমরা একসাথে আদায় করেন এবং উভয়ের জন্য একই তাওয়াফ করেন। - ইবনু মাজাহ ৯৭১, ২৯৭৪, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৪৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমার ও ইবনু আব্বাস (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, জাবির (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান। কিছু সংখ্যক সাহাবী ও অন্যান্য আলিমের এতদনুসারে আমল রয়েছে। তাঁরা বলেন, কিরান পালনকারী একটি তওয়াফই করবে। এ হলো ইমাম শাফিঈ আহমাদ ও ইসহাক (রাঃ) -এর অভিমত। অপর কিছু সংখ্যক সাহাবী ও আলিম বলেন, কিরানকারীকে দুটি তাওয়াফ ও দুটি সাঈ করতে হবে। (একটি হজ্জের আর একটি উমরার) এ হলো ইমাম ছাওরী ও কুফাবাসী আলিমদের অভিমত।

## **English**

Jabir narrated:



"The Messenger of Allah performed Qaran for Hajj and Umrah, so he performed one Tawaf for both of them."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন